




সংখ্যানুপাতিক ভোট ব্যবস্থার নামে স্বৈরাচারের পথ খুলছে কিছু দল: জাহিদ হোসেন



সংগৃহীত ছবি

বিএনপির স্থায়ী কমিটির সদস্য ডা. এ জেড এম জাহিদ হোসেন মনে করেন, পিআর (সংখ্যানুপাতিক) ভোট ব্যবস্থা নিয়ে জটিলতা তৈরি করে নির্বাচন পিছিয়ে দিলে অতীতের স্বৈরাচারই সবচেয়ে বেশি লাভবান হবে। তিনি সতর্ক করে বলেন, গণতন্ত্র রক্ষায় সবাইকে একত্র হতে হবে।

গুৱেবার (২২ আগস্ট) জাতীয় প্রেসক্লাবে “গণতন্ত্র ও মানবাধিকার নিশ্চিত নির্বাচনের গুরুত্ব” শীর্ষক এক আলোচনা সভায় অংশ নিয়ে ডা. জাহিদ হোসেন বলেন, “যেসব দল পিআর পদ্ধতি ছাড়া নির্বাচনে না যাওয়ার ঘোষণা দিচ্ছে, তারা কি ভেবেছে এর ফলাফল কী হতে পারে? এই প্রক্রিয়ার কারণে যদি ভোট বিলম্বিত হয়, তবে পতিত স্বৈরাচারই সুবিধা নেবে।” তিনি প্রশ্ন তোলেন, পিআর দাবিদার রাজনৈতিক দলগুলো অজান্তেই কি স্বৈরাচারের প্রত্যাবর্তনের পথ তৈরি করছে না? এ সময় তিনি সকলকে ঐক্যবদ্ধ হয়ে গণতন্ত্রের স্বার্থে কাজ করার আহ্বান জানান।

বিএনপির এই স্থায়ী কমিটির সদস্য আরও বলেন, “সংস্কারের যাত্রা বিএনপির হাত ধরেই শুরু হয়েছে। অথচ আজ যারা সংস্কারের কথা বলছে, তারা নিজেরা কোনোদিন সংস্কার করেনি। সংবিধানে কোথাও স্বৈরাচারের স্থান নেই। ক্ষমতার অপব্যবহার থেকেই স্বৈরাচার তৈরি হয়।”